রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**জাতীয় পর্যটন পরিষদ**' নিম্নরূপে গঠন করেছে :

**(ক) পরিষদের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |



মূল্য : টাকা ৪·০০

(১২) প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় : সদস্য

(১৩) প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় : সদস্য

(১৪) প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় : সদস্য

(১৫) প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় : সদস্য

(১৬) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় : সদস্য-সচিব

এ পরিষদে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **পরিষদের কার্যপরিধি :**

(১) পর্যটন উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আঞ্চলিক পরিকল্পনাসমূহের নীতিগত অনুমোদন;

(২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচার ও বিপণনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উন্নীতকরণ;

(৩) গুরুত্বপূর্ণ পর্যটন স্থানসমূহে যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;

(৪) পর্যটন সংক্রান্ত আইন প্রয়োগ এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;

(৫) বেসরকারি খাতের জন্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ; এবং

(৬) পর্যটন উপদেষ্টা কমিটির সুপারিশসমূহের পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন প্রদান।

(গ) এ সভার সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

(ঘ) পরিষদ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) 'জাতীয় পর্যটন পরিষদ'-এর সভা বছরে কমপক্ষে ০২ (দুই) বার অনুষ্ঠিত হবে।

(চ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd